

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

www.bmef.gov.bd

নং-বামাশিবো/প্রশা/পিরোজপুর-৬৭/৩০৩

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩  
৩১ মে ২০২৬

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং বামাশিবো/প্রশা/২০১২৬১০৩০৭২১/১২৭৬৪৫ তারিখ ২২-০২-২০২৬ খ্রিঃ;  
২। জনাব মানছুর আহমাদ (ভারপ্রাপ্ত) সুপার কর্তৃক গত ০৯/০৪/২০২৬ইং তারিখের আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন নেছারাবাদ মোজাদ্দেদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সূত্রোক্ত ১ নং স্মারকে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন করে পত্র জারি করা হয়। পরবর্তীতে অনুমোদিত এডহক কমিটির বিরুদ্ধে সূত্রোক্ত ২নং স্মারকে আবেদন করা হয়। আবেদনে মহামান্য হাইকোর্টের ৪৯৭৯/১৯৯৯ ও ২৬৬৪/২০০৪ নং রীট পিটিশন মামলার রায়, মহামান্য সুপ্রীম কোর্টের রায় অনুযায়ী বর্ণিত মাদ্রাসাটি ট্রাস্ট ম্যানেজিং কমিটি দ্বারা পরিচালিত হইবে মর্মে উল্লেখ করেছেন। দাখিলকৃত আবেদন ও নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার জনাব মাওলানা মনছুর আহমাদ এর অগোচরে অন্য ভারপ্রাপ্ত সুপার দাবীদার জনাব মোশতাক আহমেদ মাদ্রাসার গোপন পাসওয়ার্ড এর মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক এডহক কমিটির অনুমতি ও অনুমোদন দেয়া হয়।

বর্ণিত অবস্থায়, মাদ্রাসার বৈধ ভারপ্রাপ্ত সুপার থাকাকালীন কিভাবে গোপন পাসওয়ার্ড ব্যবহার করে অন্য ব্যক্তি কর্তৃক এডহক কমিটির অনুমতি ও অনুমোদনের আবেদন করা হয় সে বিষয়ের ব্যাখ্যা এবং কথিত ভারপ্রাপ্ত সুপার হিসেবে জনাব মোশতাক আহমেদের আবেদনে অনুমোদিত এডহক কমিটি ভেঙে দেওয়া হবে না তার জবাব পত্র জারির ১০- (দশ) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.৫.২৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmef.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার

নেছারাবাদ মোজাদ্দেদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা  
ডাকঘর-স্বল্পপকাঠী, নেছারাবাদ, পিরোজপুর।

নং-বামাশিবো/প্রশা/পিরোজপুর-৬৭/৩০৩

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩  
৩১ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ৯তম তলা) নিউ বেইলি রোড, ঢাকা;
২. জেলা প্রশাসক, পিরোজপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর;
৪. উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ, পিরোজপুর;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেছারাবাদ, পিরোজপুর;
৬. সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসা পরিচালনা কমিটি, নেছারাবাদ মোজাদ্দেদীয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, নেছারাবাদ, পিরোজপুর;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

৩১.৫.২৬

মোঃ আব্দুর রশিদ  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmef.gov.bd